



Office of the Dean
Faculty of Engineering & Technology
University of Dhaka,
Dhaka-1000, Fax: 88-02-9667222
E-mail : deanengg@du.ac.bd



ডিনের কার্যালয়
ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়
PABX : ৯৬৬৭২২২-৪৩৬৫



২০২০-২০২১ শিক্ষাবর্ষে ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের
অধিভুক্ত কলেজসমূহে ১ম বর্ষ বি.এসসি ইঞ্জিনিয়ারিং-এ
ভর্তি বিজ্ঞপ্তি
প্রযুক্তি ইউনিট, ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের অধিভুক্ত সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে (ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ) এবং বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে (ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার), সাভার, ঢাকা, শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, মোহাম্মদপুর, ঢাকা, ও কে এম হুমায়ুন কবীর ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ) ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি.এসসি ইঞ্জিনিয়ারিং ইন ইইই, সিভিল, সিএসই, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং এবং ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং-এ ভর্তির জন্য প্রার্থীদের নিকট থেকে ১০ জুন ২০২১ হতে ১৪ আগস্ট ২০২১ তারিখের মধ্যে অনলাইনে (<https://collegeadmission.eis.du.ac.bd>) প্রযুক্তি ইউনিটের মাধ্যমে দরখাস্ত আহবান করা হচ্ছে। আবেদন ফি ৬৫০/- টাকা এবং আবেদন ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৬ আগস্ট ২০২১। ২০১৫ সাল থেকে ২০১৮ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২০ সালে বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক অথবা এইচএসসি/A-Level পাশ বা সমমানের ডিগ্রিধারী হতে হবে। ও লেভেল/এ লেভেল সমমান দেশী বিদেশী পাঠ্যক্রমে উত্তীর্ণ প্রার্থীদের ভর্তি নির্দেশিকায় উল্লেখিত লিংক ব্যবহার করে সমতা নিরূপণ করতে হবে। প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয়সহ থ্রাউ জিপিএ-৯য়ের যোগফল ন্যূনতম ৬.৫০ হতে হবে এবং পৃথকভাবে ন্যূনতম ৩.০০ থাকতে হবে। প্রার্থীর উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পদার্থ, রসায়ন ও গণিত বিষয় থাকতে হবে। ভর্তি পরীক্ষা আগামী ০২ অক্টোবর ২০২১ তারিখ বিকাল ৩.০০ টায় অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে হবে, পরীক্ষার সময় ১ ঘণ্টা ৩০ মিনিট, নম্বর ১২০ (পদার্থ-৩৫, রসায়ন-৩৫, গণিত-৩৫ এবং ইংরেজী-১৫)। ভর্তির সাধারণ নিয়মাবলী ও ভর্তি নির্দেশিকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<https://collegeadmission.eis.du.ac.bd>) পাওয়া যাবে।

অধ্যাপক ড. মো. হাসানুজ্জামান
ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ এবং সমন্বয়কারী প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষা ২০২০-২০২১ শিক্ষাবর্ষ
ঢাকা বিশ্ববিদ্যালয়।

বি: দ্র:-বিজ্ঞাপনের জন্য প্রদত্ত সাইজ ঠিক রেখে প্রচার করতে হবে।